

স্মারক নং-শদি-১-বাশিএ/জেশা/বগ/২০০৯-২২/৭

বিষয়ঃ শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে শিশুদের কবিতা আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়ার আয়োজনে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বগুড়া জেলা পরিষদ ভবনস্থ বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া কার্যালয়ে শিশুদের মাঝে কবিতা আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতা নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ


ক্রমিক নং	প্রতিযোগিতার নাম	শ্রেণি / বিভাগ	মাধ্যম/ বিষয়	তারিখ ও সময়
১.	কবিতা আবৃত্তি	ক- বিভাগ(প্লে - ৩য় শ্রেণি) খ-বিভাগ(৪র্থ -৭ম শ্রেণি) গ-বিভাগ(৮ম - ১০ম শ্রেণি)	মায়ের চোখে --কবি আনজীর লিটন মিথ্যেবাদী খোকা --কবি লুৎফর রহমান রিটন কোনো এক মাকে -কবি আবু জাফর ওবায়দুরুল্লাহ	২১.২.২০২২ সকাল-১০টা
২.	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক-বিভাগ (শিশু - ১ম শ্রেণি) খ-বিভাগ (২য় - ৪র্থ শ্রেণি) গ-বিভাগ (৫ম - ৭ম শ্রেণি) ঘ-বিভাগ(৮ম - ১০ম শ্রেণি) ঙ-বুদ্ধি প্রতিবন্ধি শিশুদের জন্য- (১ম-১০ম শ্রেণি পর্যন্ত)	উন্মুক্ত (জল রং/প্যাস্টেল রং) কেন্দ্রীয় শহিদ মিনার (জল/প্যাস্টেল রং) ভাষা আন্দোলন (জল রং/প্যাস্টেল রং) ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ (জল রং/প্যাস্টেল রং) উন্মুক্ত(জল রং/প্যাস্টেল রং)	২১.২.২০২২ সকাল-১১টা

কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ২০.০২.২০২২ তারিখ বিকাল-৪টার মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন সরাসরি অথবা bsabogra@gmail.com ই-মেইলে করা যাবে। রেজিস্ট্রেশন করার সময় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। সকল প্রতিযোগীকে স্বাস্থ্য বিধি মেনে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

সংযুক্তঃ কবিতা- ১ কপি।

প্রাপকঃ -----
-----, বগুড়া।


১৪.২.২২
(শাহ মোঃ ইসাহাক আলী)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বগুড়া।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

২. জেলা প্রশাসক, বগুড়া।

৩. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), বগুড়া।

৪. অফিস কপি।